দৈনিক ইনকিলাব

তারিখ 26 OCT 1992 পৃষ্ঠা ১ কলাম ৬

# ইসলামী উম্মাহর অগ্রগতিতে মুসলিম প্রকৌশলীদের দক্ষতা কাজে লাগাতে হবে

## প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া মুসলিম উম্মাহ'র শান্তি, সুখ ও অগ্রগতির লক্ষ্যে জ্ঞান ও দক্ষতা কাজে লাগানোর জন্য মুসলিম প্রকৌশলী ও কারিগরদের প্রতি আহবান জানিয়েছেন। খবর বাসস'র।

বেগম জিয়া গতকাল গাজীপুরে ইসলামী কারিগরি বৃত্তিমূলক প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের (আইসিটিভিটিআর) ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভাষণ দানকালে একথা বলেন। তিনি ইসলামী চেতনা ও আদর্শে মানব সম্পদ উন্নয়নের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। বেগম জিয়া বলেন, মুসলিম দেশগুলোর বহুমুখী সমস্যা শান্তিপূর্ণভাবে সমাধানে আইসিটিভিটিআর'র গ্রাজুয়েটরা অবদান রাখতে সক্ষম হবেন এবং এ ব্যাপারে তাঁদের দায়-দায়িত্ব রয়েছে। তিনি বলেন, গোটা বিশ্বের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক পটপরিবর্তনের প্রেক্ষিতে মুসলিম বিশেষজ্ঞরা মুসলিম দেশগুলোর চ্যালেঞ্জ মোকাবেলায় সাড়া দেবেন বলে তাঁর বিশ্বাস। বেগম জিয়া কেন্দ্রের কার্যক্রমের জন্যে নিয়মিত তহবিলের প্রবাহ নিশ্চিত করতে আইসিটিভিটিআর ট্রাস্ট তহবিল গঠনের আহবান জানান।

প্রধানমন্ত্রী ঢাকাকে আইসিটিভিটিআর স্থাপনের স্থান হিসেবে বেছে নেয়ার জন্য ওআইসি'র সকল সদস্য দেশকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এই কেন্দ্রটি ইসলামী সংহতি ও যৌথ ইসলামী কার্যক্রমের একটি প্রতীক। ১১ বছর আগে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এই ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। একথা স্মরণ করে

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

### প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

বেগম জিয়া আশাবাদ ব্যক্ত করেন যে, এই কেন্দ্রে অধ্যয়নরত ৩২টি সদস্য দেশের ছাত্র ও প্রশিক্ষণার্থীদের আন্তঃ কার্যক্রমের মাধ্যমে ইসলামী দেশগুলোর মধ্যে পারস্পরিক সমঝোতা ও সমমর্মিতা বৃদ্ধি পাবে। তিনি বলেন, মুসলিম বিশ্ব পর্যাপ্ত মানব সম্পদের অধিকারী। তিনি মুসলিম দেশগুলোর মধ্যে অর্থনৈতিক সহযোগিতা ও সমৃদ্ধির জন্য এই মানব সম্পদ উন্নয়নের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। বেগম জিয়া মানব সম্পদ উন্নয়নে ওআইসি'র গৃহীত নয়া কৌশলের প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং বলেন, গত পাঁচ বছরে ৩২টি সদস্য দেশের অনেক ছাত্র ও প্রশিক্ষণার্থী এই কেন্দ্র থেকে তাদের শিক্ষা সমাপ্ত করেছেন। তিনি এই কেন্দ্রের প্রতি নৈতিক সমর্থন ও আর্থিক অবদানের জন্য সকল সদস্য দেশের প্রশংসা করেন।

বেগম জিয়া সেনেগালে অনুষ্ঠিত ষষ্ঠ ইসলামী শীর্ষ বৈঠকে ভাষণ দানকালে এই কেন্দ্রের আর্থিক সংকটের কথা তুলে ধরেন। ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি) এ বিষয়টি বিবেচনার জন্য গ্রহণ করলে তিনি তাদের প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী খালেদা জিয়া এই কেন্দ্রের বিভিন্ন ফ্যাকাল্টির মোট ৫৫ জন গ্রাজুয়েটকে গ্রাজুয়েশন সার্টিফিকেট প্রদান করেন। এই কেন্দ্রটি ওআইসি'র একটি অঙ্গ সংস্থা। কেন্দ্রের মহাপরিচালক অধ্যাপক ডঃ এ, এম, পাটোয়ারী ও অধ্যাপক আনোয়ার হোসেন অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অর্থমন্ত্রী সাইফুর রহমান ও শ্রমমন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়া বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে অংশ নেন। অন্যান্যের মধ্যে মন্ত্রী, কূটনীতিকবৃন্দ ও সংসদ সদস্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এদিকে, ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্সের সভাপতি অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাত করেন। খবর বাসস'র।